R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিস্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

আপনার জমি চাষ কি সমস্যা?
একই জমি থেকে একাধিকবার ফসল তুলতে খরা ও বর্ষায় সু-নির্ভর চাষের জন্য ট্রাকটর দিয়ে চাষ করুন। এতে পয়সা ও সময় দুয়েরই সাশ্রয় হবে।
ট্রাকটর, পাম্পসেট ভাড়া ও বিভিন্ন সারের জন্য যোগাযোগ করুন। আপনাদের সেবায় নিয়োজিত।
অজয় এগ্রো সার্ভিস সেন্টার
মির্জাপুর, পোঃ গনকর (মুর্শিদাবাদ)

৬২শ বর্ষ
১৫ ও ১৬শ সংখ্যা

১৭ই ও রঘুনাথগঞ্জ, ২৪শে ভাদ্র, বুধবার, ১৩৮২ সাল।
৩রা ও ১০ই সেপ্টেম্বর, ১৯৭৫ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬, সডাক ৭

## জঙ্গিপুরের উত্তর পূর্ব্বাঞ্চলে বন্যার তাণ্ডব, ব্যাপক ক্ষয়ক্ষতি

জঙ্গিপুর (নিঃ সঃ)—ফরাক্কার জলে জঙ্গিপুর মহকুমার সুতী, রঘুনাথগঞ্জ ও সাগরদীঘি ব্লকের বিস্তীর্ণ এলাকা বন্যাপ্লাবিত হওয়ার পর মহকুমার উত্তর পূর্ব্বাঞ্চল আবার পড়েছে বন্যার কবলে। এবার ফরাক্কা নয়, কীর্তি-নাশা নিজেই ফুলে ফেঁপে এ বিপর্যয় ঘটিয়েছে। আমাদের সংবাদদাতা লিখেছেন, হঠাৎ পদ্মার জল বৃদ্ধি পাওয়ায় পদ্মার তীরস্থ জমি ও বাড়ী-ঘর ভীষণভাবে বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে। নবাবজাইগীর গ্রাম হ'তে কাটাখালি গ্রাম পর্যান্ত প্রায় পনের-বিশখানা গ্রাম দারুণভাবে জলমগ্ন হয়ে পড়েছে। হাজার হাজার বিঘা জমির পাকা ধান জলের তলায় চলে যাওয়ায় সম্পূর্ণ নষ্ট হয়ে গেছে। মাটির ঘর সমস্তই ভেঙে মাটির সঙ্গে মিশে গেছে। দুর্গত অঞ্চলে সাহায্য সামগ্রী অত্যন্ত নগণ্য। আনুমানিক এক হাজার পরিবার ও চার হাজার একর জমি এ বন্যার ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে। জি, আর, এর ব্যবস্থা করা হয়েছে সরকারের পক্ষ থেকে। প্রয়োজনের তুলনায় তা অতি সামান্য। স্থানীয় এম, এল, এ, হাবিবুর রহমান ৩১ আগষ্ট বন্যা উপদ্রুত অঞ্চল পরিদর্শন করেন এবং সরকারী সাহায্য বৃদ্ধির জন্য চেষ্টা করবেন বলে প্রতি-শ্রুতি দেন। ২ সেপ্টেম্বর পর্যন্ত তিনি বিভিন্ন অঞ্চলের অভাব অভিযোগের কথা জানার জন্য নৌকায় প্রতি গ্রামে যাবার ইচ্ছা প্রকাশ করেন।

## ফরাক্কা বাঁধ থেকে বিয়ের পিঁড়িতে

নিজস্ব প্রতিনিধি, রঘুনাথগঞ্জ : শেষ পর্যন্ত মরতে গিয়েও মরা আর হল না। ধরা পড়লো পুলিশের হাতে, মালা দিল পুলিশেরই গলায়।

ঘটনাটি এই রকম : কলকাতার মানিকতলার বাপ-মা হারা শুভা দে (২১) গত মাসে জীবিকার সন্ধানে আসে ফরাক্কায়। কিন্তু কোন সংস্থান করতে না পেরে পথ বেছে নেয় আত্মহত্যার। ফরাক্কা বাঁধ থেকে ঝাঁপ দিয়ে গঙ্গায় আত্মাহুতি দেওয়ার চেষ্টা করতে গিয়ে ধরা পড়ে পুলিশের হাতে। আত্মহত্যার চেষ্টার অভিযোগে গ্রেপ্তার করে পুলিশ তাকে পাঠিয়ে দেয় জঙ্গিপুর আদালতে। সাব ডিভিসনাল জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট শুভাকে জেল হাজতে রাখার নির্দ্দেশ দিয়ে এ্যাডভোকেটদের নিয়ে চেষ্টা করতে থাকেন তার বিয়ে দিয়ে দেওয়ার। সকলের যৌথ আবেদনে সাড়া দিয়ে জঙ্গিপুর আদালতের কনষ্টেবল ব্যোমকেশ রায় চৌধুরী রাজী হন শুভাকে বিয়ে করতে। ১৮ আগষ্ট স্থানীয় তুলসী বিহারবাড়ীতে শ্রীজগন্নাথ দেবের মন্দিরে সাব ডিভি-সনাল জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট, সাব-রেজিষ্ট্রার, এ্যাডভোকেট ও বহু বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতিতে ব্যোমকেশ-শুভা মিলন সম্পন্ন হয়। বিয়ের যাবতীয় ব্যয় বহন করেন এ্যাড-ভোকেটরা। পরে হিন্দু শাস্ত্র মতে আনুষ্ঠানিকভাবে এই নবদম্পতি বিবাহ বন্ধনে আবদ্ধ হয়।

## অরঙ্গাবাদে আন্তর্জাতিক মহিলাবর্ষ উদ্‌যাপন

নিজস্ব সংবাদদাতা, অরঙ্গাবাদ : ২৪ আগষ্ট স্থানীয় শ্যামল টকীজ-এ দহড়পাড় মহিলা সমিতির উদ্‌যোগে আন্তর্জাতিক মহিলাবর্ষ ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সমিতির সম্পাদিকা নন্দিতা গুপ্ত তাঁর সংক্ষিপ্ত ভাষণে সমিতির পরিচালনায় একটি নৈশবিদ্যালয় খোলা হয়েছে বলে জানান এবং নারীদের সমাজ সেবার কাজে এগিয়ে আসার আহ্বান জানান। সভার সভাপতি শ্রীসরজাক্ষ্য ভট্টাচার্য্য বলেন, শুধু খেলাধুলা নয়, রাজনীতি বা সমাজনীতি নয়, মাতৃত্বের দায়িত্বই বড় দায়িত্ব এবং নারীদের এই দায়িত্ব-বোধই দেশগড়ার কাজে সহায়তা করবে। অন্যান্য বক্তাদের মধ্যে স্থানীয় ব্লক কংগ্রেস সভাপতি মহঃ হোসেন আলী বলেন, মুসলীম নারীগণ অব-হেলিত, সমিতির মাধ্যমে তাঁদের তুলে ধরুন। ডাঃ কালীকুমার গুপ্ত বলেন, সংসার শুধু পুরুষের নয় নারীরও। তাই তাঁদের দাবি মেনে নিতে হবে। অনুষ্ঠানের ২য় পর্যায়ে আবৃত্তি, সংগীত ও রবীন্দ্রনাথ ঠাকুরের 'চণ্ডালিকা' নৃত্যনাট্য পরিবেশিত হয়।

—

## মাছের দাম বাড়ায় জেলা প্রশাসন চিন্তিত

মুঃ জেঃ তঃ জঃ দঃ—জেলার বাজারে মাছের দাম বেড়ে যাওয়ায় জেলা প্রশাসন চিন্তিত হয়ে পড়েছেন। ২৫ আগষ্ট জেলা শাসক জেলার বড় মাছ ব্যবসায়ী, পুলিশ সুপার, খাদ্য এবং মৎস্য বিভাগের মহকুমা শাসক-দের সাথে এক বৈঠকে বসে আলোচনায় জেনেছেন যে, এই জেলায় মাছ ও মাংসের দর ১০ টাকার বেশী হওয়ার কোন কারণ থাকতে পারে না। তিনি সাত দিনের মধ্যে ব্যবসায়ীদের মাছ ও মাংসের মূল্যহ্রাস ঘটাবার নির্দেশ দিয়েছেন। বৈঠকে স্থির হয় যে, বহরমপুর কালেকটরেট চত্বরে ২৭ আগষ্ট থেকে একটি ষ্টল খুলে মৎস্য বিভাগ সাড়ে পাঁচ টাকা থেকে সাড়ে সাত টাকা দরে মাছ বিক্রী করছেন।

জঙ্গিপুর সংবাদের নিজস্ব প্রতি-নিধির খবর, জঙ্গিপুর মহকুমা থেকে মাছ উধাও হয়ে গিয়ে অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ঘটেছে। মহকুমা সহর রঘুনাথগঞ্জে পাঁচ কেজির ওপরে কাটা পোনা বার টাকা, পাঁচ কেজির নীচে কাটা পোনা দশ টাকা, ইলিশ তের টাকা, চিংড়ি আট টাকা, গলদা চিংড়ি দশ টাকা, কাতলা কাটা দশ টাকা, কাতলা গোটা ছোট-বড় ছ'টাকা থেকে সাড়ে সাত টাকা, গোটা পোনা আট টাকা, কই-মাগুর দশ টাকা, মাংস ন'টাকা ও কাছিমের মাংস সাত টাকা দরে বিক্রী হচ্ছে।

ফোন—অরঙ্গাবাদ—৩২
মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোং (প্রাঃ) লিঃ
হেড অফিস—অরঙ্গাবাদ (মুর্শিদাবাদ)
রেজিঃ অফিস—২/এ, রামজী দাস জেঠীয়া লেন, কলিকাতা-৭

সবুজ বিপ্লবের শরিক হ'তে
রাসায়নিক সার ব্যবহার করুন
এফ, সি, আই-এর অনুমোদিত এজেন্ট
**ক্ষুদিরাম সাহা**
**চারুচন্দ্র সাহা**
জেনারেল মার্চেন্টস্ এণ্ড
অর্ডার সাপ্লায়ার্স )
পোঃ ধুলিয়ান, ( মুর্শিদাবাদ )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

**জঙ্গিপুর সংবাদ**

২৪শে ভাদ্র বুধবার, সন ১৩৮২ সাল।

## পানী খতম্ হোনে কা বাদ

উনিশশো পঁচাত্তরে বন্যার মরশুম বিহারের প্রাণকেন্দ্র পাটনাকে যেভাবে বিপর্যস্ত করিয়াছে, বিগত ৩৪ বৎসরে সর্বভারতীয় ভিত্তিতে বন্যা-তাণ্ডবের ইতিহাসে তাহা বোধ করি, একটি নব সংযোজন। বস্তুতঃ পাটনার বন্যার ব্যাপকতা, জলরাশির প্রাবল্য ও দীর্ঘস্থায়িত্ব—ইহার ভয়াবহতা বাড়াইয়াছে। ভয়াবহ বন্যার আকৃতি ও প্রকৃতিতে। বিরাট শহরটি জুড়িয়া বন্যার জল; সে জল বাড়িতে বাড়িতে একতলা ঘরবাড়ীকে কুক্ষিগত করিয়াছে। নিম্নাংশমগ্ন দ্বিতল-ত্রিতল গৃহগুলি আপন মর্যাদা রক্ষায় চেষ্টিত। তাই পাটনার মানুষের দুঃখভোগ ও দুর্দশা বর্ণনাতীত। জলবন্দী মানুষ আত্মপর ভুলিয়া ছাদ-আশ্রয়ী হইয়া অস্থায়ী সংসার গড়িয়াছেন; খাদ্য, পানীয় ও পরিধেয়াদি প্রাপ্তির আশায় আকাশমুখী; খাদ্য-পানীয়-ঔষধ-বস্ত্র নিক্ষেপের অবিরাম চেষ্টা। তবু পাটনার মানুষ এই সর্বগ্রাসী বন্যায় যে শান্তভাব ও ধৈর্যের পরিচয় দিয়াছেন, তাহা অনুকরণীয়। সরকারী ও বেসরকারী—উভয় স্তরে যথাসাধ্য ত্রাণকার্য চলিয়াছে ও চলিতেছে। ইহার জন্য বন্যাকবলিতদের তাৎক্ষণিক বিপদের মোকাবিলা কিছুটা সম্ভব হইয়াছে।

জল কমিতে শুরু করার সঙ্গে সঙ্গে ফলশ্রুতি হিসাবে নূতন নূতন বিপদের সঙ্কেত। বন্যোত্তর ব্যাধি যথা, কলেরা, আমাশয় প্রভৃতির ব্যাপক আগ্রাসী ভূমিকা। পচা জল, পূতিগন্ধী হাওয়া এই সব রোগের মওকা। বন্যাবিপর্যয়ে খাদ্যাখাদ্যের বাছবিচারহীনতায় রোগগুলি ইন্ধন লাভ করে। পাটনায় কলেরা ব্যতিক্রম নহে, প্রাণহানি ঘটাইতে শুরু করিয়াছে। বন্যার জল একেবারে নামিয়া গেলে অপেক্ষাকৃত দুর্বল ভিত্তির ঘরবাড়ী দুদ্দাড় পড়িতে থাকিবে; পথঘাট স্থানে স্থানে ফাটিয়া, বসিয়া, ধসিয়া ভয়াবহ হইয়া উঠিবে। ..............................

............................................

### মর্মান্তিক

নিজস্ব সংবাদদাতাঃ স্বাধীনতা দিবসের প্রত্যুষে রঘুনাথগঞ্জের মিঞাপুরে অঞ্জনা সাহা (৭) জলে ডুবে শোচনীয়ভাবে মারা যায়। সেদিন ওর বাবা তিনকড়ি সাহা এক আত্মীয়ের ক্ষৌরকর্মের জন্য বাড়ীর আর সকলের সঙ্গে ওকেও নিয়ে আসেন এই পুকুরপারে। পারলৌকিক কাজকর্মের সময় সকলের অজান্তে অঞ্জনা পুকুরে নামে এবং ডুবে যায়। জল থেকে যখন তাকে তোলা হয় তখন তার পরিবারের লোকজনকে আরও একবার অশৌচ পালনের জন্য প্রস্তুত হতে হয়।

### গণ প্রহারে মৃত্যু

নিজস্ব প্রতিনিধিঃ ১৭ আগষ্ট রাত্রে রঘুনাথগঞ্জ থানার হবিপুর গ্রামে মহঃ সেখের বাড়ীতে চুরি করতে গিয়ে দুই চোর গ্রামবাসীদের হাতে ধরা পড়ে। তাদের মধ্যে একজন গণ-প্রহারে ঘটনাস্থলে প্রাণ হারায়, অপরজনকে আশংকাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করতে হয়। নিহত ও আহত চোরেদের বাড়ী দিহিপাড়া গ্রামে।

### জীপ চাপায় যুবক আহত, চালক ধৃত

সংবাদদাতাঃ ২৭ আগষ্ট রঘুনাথগঞ্জ বিদ্যুৎ সরবরাহ সংস্থার জীপ গাড়ীটি জাতীয় সড়কের পলসণ্ডার মোড়ে এক যুবককে চাপা দেয়। এতে যুবকটি মাথায় প্রচণ্ড আঘাত পায় এবং রক্তক্ষরণে জ্ঞান হারায়। চালক আর এন মাণ্ডি পালাবার চেষ্টা করলে স্থানীয় লোকেরা তাকে ধরে ফেলে এবং মারধোর করে 'পুলিশের হাতে তুলে দেয়। দুর্ঘটনায় আহত যুবককে আশংকাজনক অবস্থায় বহরমপুর হাসপাতালে ভর্তি করা হয়। চালককে গ্রেপ্তারের পর জামিনে মুক্তি দেওয়া হয়েছে।

### কম কথায়

নিজস্ব সংবাদদাতাঃ বহরমপুর ইউ টি সি কলেজে কলকাতা বিশ্ববিদ্যালয় অনুমোদিত শারীর শিক্ষা শিক্ষণ কলেজ সেপটেম্বর থেকে শুরু হবে বলে খবর পাওয়া গিয়েছে। এর প্রয়োজনীয় কাগজপত্র কলেজ কর্তৃপক্ষের কাছে এসে পৌচেছে।

**ব্রতচারী শিক্ষাশ্রেণীঃ** আজিমগঞ্জ বিবেকানন্দ যুব মহামণ্ডলের ব্যবস্থাপনায় ও বাঙলার ব্রতচারী সমিতির পরিচালনায় ১৮ আগষ্ট থেকে ২ সেপটেমবর পর্যন্ত সংক্ষিপ্ত ব্রতচারী অনুশীলন শ্রেণী অনুষ্ঠিত হয় আজিমগঞ্জে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা যুব সমন্বয় আধিকারিক অঞ্জন রায়।

**জিমন্যাসটিক প্রতিযোগিতাঃ** ৬ষ্ঠ সর্বভারতীয় গ্রামীণ খেলধূলার অঙ্গ হিসেবে মুর্শিদাবাদ জেলা স্তরের জিমন্যাসটিক প্রতিযোগিতা হয়ে গেল মির্জাপুরের শিবরাম স্মৃতি পাঠাগার ও ক্লাবের মাঠে গত ২৪ আগষ্ট। এই প্রতিযোগিতায় লালবাগ, বহরমপুর, বেলডাঙ্গা ও রাণীনগর ব্লক এবং মির্জাপুর গ্রামের বিভিন্ন বয়সী প্রতিযোগী অংশ নেয়। এতে মুর্শিদাবাদ জেলার হয়ে অংশ গ্রহণের জন্য লালবাগ ও মির্জাপুরের ছেলেমেয়েরা নির্বাচিত হয়।

**বদান্যতাঃ** পিতা স্বর্গীয় ডাঃ যতীন্দ্রনারায়ণ চট্টোপাধ্যায়ের স্মৃতি রক্ষার্থে মির্জাপুরের বিনয়কুমার চট্টোপাধ্যায় নামে এক গ্রামবাসী সম্প্রতি মির্জাপুর বালিকা বিদ্যালয়কে গাছ, পুকুর ও পাকা বসত-বাড়ীসমেত প্রায় ৬৯ শতক জমি দান করেছেন বলে খবর এসেছে।

### মৃতদেহ উদ্ধার

ধুলিয়ান, ৩ সেপ্টেম্বর—গতকাল রাত্রে সামসেরগঞ্জ থানা এলাকায় মাঠের মধ্যে নারায়ণ সর্দার নামে জনৈক ব্যক্তির মৃতদেহ পড়ে থাকতে দেখা যায়। মৃত ব্যক্তির দেহে নানাস্থানে অস্ত্রাঘাতের চিহ্ন ছিল বলে জানা যায়। এটি একটি খুনের ঘটনা বলে পুলিশের সন্দেহ।

### মিসায় আবার আটক

রঘুনাথগঞ্জ, ২৬ আগষ্ট—গতরাত্রে স্থানীয় পুলিশ লঞ্চ নিয়ে অভিযান চালিয়ে এই থানার ইছাখালি গ্রাম থেকে রিয়াজুদ্দিন নামে একজনকে সমাজবিরোধী কার্যকলাপে লিপ্ত থাকার অভিযোগে মিসায় আটক করেছে বলে খবর পাওয়া গিয়েছে।

### সর্বত্র শিক্ষক দিবস উদ্‌যাপিত

নিজস্ব সংবাদদাতাঃ ৫ সেপ্টেম্বর জঙ্গিপুর মহকুমার সর্বত্র শিক্ষক দিবস উদ্‌যাপিত হয়েছে। ওই দিন রঘুনাথগঞ্জ শহরে সকালে প্রভাত ফেরী, বিকেলে প্রাথমিক বনাম মাধ্যমিক শিক্ষকদের প্রীতি ফুটবল ও সন্ধ্যায় এস ডি ও রিক্রিয়েশন ক্লাবে স্থানীয় বালিকা বিদ্যালয় কর্তৃক 'শ্যামা' নৃত্যনাট্য প্রদর্শিত হয়।

### দুর্ঘটনায় জখম

রঘুনাথগঞ্জ, ১০ সেপ্টেম্বর—গত ৭ সেপ্টেম্বর উমরপুর মোড় থেকে কিছু দূরে একটি প্রাইভেট কার রাস্তার পাশের একটি আম গাছের সঙ্গে ধাক্কা লাগায়। ধাক্কার ফলে গাড়ীর দুইজন যাত্রী আহত হয়। আহতদের স্থানীয় রঘুনাথগঞ্জ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

### খুনের দায়ে গ্রেপ্তার

ধুলিয়ান, ১০ সেপ্টেম্বর—সামসেরগঞ্জ পুলিশ এসমাইল সেখ নামে একজনকে গ্রেপ্তার করে। তার বিরুদ্ধে অভিযোগ সে নাকি তার শিশুকন্যাকে গঙ্গায় ফেলে দিয়ে হত্যা করে। শিশুকন্যাটির মৃতদেহ এখনও মেলেনি।

### নোটীশ

এতদ্দ্বারা সকলের অবগতির জন্য জানাইতেছি যে আমি গত ২৩-৪-৭৫ তারিখে জঙ্গিপুর সাবরেজেষ্ট্রী অফিসের ২০নং আম-মোক্তার দলিলে সুতী থানার অধীন সেরপুর গ্রাম নিবাসী রৈসুদ্দিন বিশ্বাস এর পুত্র রফিক মিয়াকে আম-মোক্তার নিযুক্ত করিয়াছিলাম। এক্ষণে অদ্য ১২-৯-৭৫ তারিখে আমি উক্ত ৪৪নং ক্যানসেল দলিল মূলে তাহা বাতিল করিলাম।

বলরাম বর্ম্মন ওরফে তরু বর্ম্মন
সাং চণ্ডীপুর, মালদহ, হাল সাং সেরপুর
থানা সুতি, জেলা মুর্শিদাবাদ

Wanted a trained arts graduate in deputation vacancy. Apply to the Secretary within 7 days.

Secretary,
Tildanga H. School
P. O. Tildanga
Dt. Murshidabad.

# কৃষি সংবাদ

পাট কেটে উচ্চফলনশীল আমন লাগান।

পাট কেটে দেশী আমনের মত উচ্চফলনশীল জাতের ধান লাগান চলে তাতে ফলনও বেশী হবে। যে সব জাত লাগান চলবে সেগুলো হল :—

(ক) উচ্চফলনশীল—
(১) পুসা—২-২১
(২) আই আর ২০
(৩) পলমন ৫৭৯
(৪) সি আর ৪৭-১
(৫) কলিঙ্গ
(৬) আই ই টি ২২৩৩

(খ) উন্নত জাত—
(৭) এন্ সি—৬৭৮
(৮) এন্ সি—১২৮১
(৯) ও সি—১৩৯৩

এ সব জাতের বীজ এখন উঁচু কাদা বীজতলায় কল গজান বীজ বুনুন। কিন্তু ৭১৮নং জাত লাগালে এই ধান কেটে গম করা চলবে না। বোনার আগে নীচের ওষুধ দিয়ে অতি অবশ্যই বীজ শোধন করে নিন। ১০ লিটার জলে ১০ গ্রাম এ্যারেটান বা ট্যাফাসান ৬ এবং ৩ গ্রাম এগ্রিমাইসিন ১০০ বা ০'৩ গ্রাম ষ্ট্রেপটোসাইকিন পাউডার গুলে নিয়ে ১০ কেজি বীজ ৮-১০ ঘণ্টা ভিজিয়ে রেখে ছেঁকে নিয়ে বস্তায় পুরে গরম আবহাওয়ায় রেখে দিয়ে কল করে নিন। কল বেরোতে মোটামুটি ৩৬-৪৮ ঘণ্টা সময় লাগবে। ১০ শতক বীজতলায় এক একর রোয়ার জন্য ২০ কেজি ভাল বীজ বুনতে হবে।

২৫ ফুট × ৪ ফুট মাপের পাটি পাটি করে বীজতলা করুন। প্রত্যেক পাটির মাঝে ১ ফুট মাপের নালা রাখুন। এ ধরণের প্রতিটি বীজতলায় ( প্রত্যেক পাটিতে ) ৫০০ গ্রাম বীজ ছড়ান এবং কাদা করার সময় নীচের মাত্রায় সার দিন।

২৫০ গ্রাম এমোনিয়াম সালফেট বা ১১০ গ্রাম ইউরিয়া।
৩০০ গ্রাম সুপার ফস্‌ফেট।
১০০ গ্রাম মিউরিয়েট অফ্ পটাশ।

কাদা বীজতলায় বীজ ছড়িয়ে ২-৩ ঘণ্টা রেখে দিন। এর পর নালা দিয়ে জল ঢুকিয়ে বীজতলার উপর ১ ইঞ্চি উঁচু করে জল দাঁড় করিয়ে দিন। ২৪ ঘণ্টা পরে বাড়তি জল বের করে দিয়ে কেবলমাত্র নালাগুলোতে জল রাখুন।

মুখ্য কৃষি আধিকারিক, মুর্শিদাবাদ।
বহরমপুর : মুর্শিদাবাদ

(মুর্শিদাবাদ জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর হইতে প্রেরিত)

## ওষুধ পাচারের তদন্ত হবে

নিজস্ব সংবাদদাতা, রঘুনাথগঞ্জ : আমাদের সংবাদদাতাকে স্বাস্থ্য-মন্ত্রীর একান্ত সচীব ৮ আগষ্ট তারিখের ১৩৪১ পি এস/এম এইচ পি পি নম্বর চিঠিতে জানিয়েছেন যে, জঙ্গিপুর মহকুমা হাসপাতাল থেকে ওষুধ পাচারের ঘটনার তদন্ত হবে। স্বাস্থ্য-মন্ত্রী তাঁকে ওই নির্দেশের কথা বলেছেন। তদন্তের ভার ন্যস্ত হয়েছে স্বাস্থ্য প্রশাসনের ডেপুটি ডিরেকটরের উপর। ২১ জুলাই সংশ্লিষ্ট সাংবাদিক এই হাসপাতাল থেকে ২৬৯০টি ওরিস্থল ও ২০০০টি এনট্রোভায়োফরম ট্যাবলেট পাচারের সময় হাতেনাতে জঙ্গিপুরের অজিত সরকার নামে একজন ওষুধ পাচারকারীকে ধরে ফেলেন এবং ২৩ জুলাই জঙ্গিপুর সংবাদ-এ সংবাদটি প্রকাশিত হয়।

### সাঁতার প্রতিযোগিতা

মির্জাপুর, ৮ সেপ্টেম্বর—স্থানীয় রবীন্দ্র সংঘের উদ্যোগে গতকাল এখানে ৫০০ মিটার সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে ১৫/২০ বছর বয়সের ছেলেমেয়েরা অংশ গ্রহণ করে। প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করে যথাক্রমে গৌরচন্দ্র পাল, বরুণকুমার রায় ও তরুণকুমার রায়। এ ছাড়াও সংঘের সভ্য অরুণকুমার রায় হাত বাঁধা অবস্থায় ২৩ মিনিট সাঁতরে নির্দিষ্ট স্থানে পৌছান।

অন্য এক খবরে প্রকাশ, মির্জাপুর নবভারত স্পোরটিং ক্লাবের সদস্যা জয়ন্তী সেন পশ্চিমবঙ্গ সরকারের খরচে পশ্চিমবঙ্গ হতে নির্বাচিত হয়ে দিল্লী যাত্রা করেছে গত ৪ সেপ্টেম্বর। সেখানে ৩ সপ্তাহ কাটানোর সময় সে সর্বভারতীয় গ্রামীণ প্রতিযোগিতায় অংশ গ্রহণ করবে।

### শিক্ষক আবশ্যক

গোঠা এ, আর জুনিয়র হাই স্কুলের (পোঃ চাঁদনীচক হাট, জেলা মুর্শিদাবাদ) জন্য চলতি সেশনে ডেপুটেশন ভ্যাক্যান্সিতে একজন গ্র্যাজুয়েট শিক্ষক চাই। শিক্ষক শিক্ষণ প্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে। দরখাস্ত পৌঁছানোর শেষ তারিখ ৮-৯-৭৫। ৯-৯-৭৫ তারিখে বেলা ১টার সময় সাক্ষাৎ করিতে হইবে প্রয়োজনীয় কাগজপত্র সমেত।


খেতে ভাল ফোন—২৩
★মুক্তা বিড়ি ★ নুরুল বিড়ি
★রেখা বিড়ি
ময়না বিড়ি ওয়ার্কস্
ধুলিয়ান, মুর্শিদাবাদ
ট্রানজিট গোডাউন
ডালকোলা (ফোন—৩৫)


মণীন্দ্র সাইকেল ষ্টোরস্
রঘুনাথগঞ্জ
হেড অফিস—সদরঘাট
ব্রাঞ্চ—ফুলতলা
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস, ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

বিড়ির সেরা
অমর স্পেশ্যাল বিড়ি, মন্দির মার্কা বিড়ি
মুর্শিদাবাদ
বিড়ি ফ্যাক্টরী
ধুলিয়ান : মুর্শিদাবাদ

সকল প্রকার
ঔষধের জন্য
নির্ণয় ও নিরাময়
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ
ফোন নং : আর, জি, জি ১৯

উষা পামপিং সেট
এবং
শ্যালোর জন্য
যোগাযোগ করুন :—
রাজু সিংহ (সাব-ডিলার)
পোঃ ধুলিয়ান, জেলা মুর্শিদাবাদ ফোন—১৮

থিন এ্যারারুট ★ ডাইজেসটিভ ★ সবার জন্যই ব্রিটানিয়া
বামাপদ চন্দ্র এ্যাণ্ড সনস্
ব্রিটানিয়া বিস্কুট কোম্পানীর জঙ্গিপুর মহকুমার একমাত্র পরিবেশক।
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ
ফোন : ২৬





রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।


ফোন—অরঙ্গাবাদ-৪৭
—ধূমপানে পরিতৃপ্ত হোন—
★ ৫৬১নং নারায়ণ বিড়ি ★ ৫০৫নং পাঁচকড়ি বিড়ি ★ ১নং প্রভাত বিড়ি
বান্ধব বিড়ি ফ্যাক্টরী (প্রাঃ) লিঃ
পোঃ অরঙ্গাবাদ (মুর্শিদাবাদ)